# দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 APR 1990
পৃষ্ঠা ... ২ কলাম ... ৫

৫/

17

## শিক্ষককে শ্রমিক হিসাবে কাজ করানোর অভিযোগ

(বরিশাল অফিস)

বরিশাল টেক্সটাইল মিলের প্রাইমারী স্কুলের দুইজন শিক্ষককে শ্রমিক হিসাবে কাজ করানো হইতেছে বলিয়া অভিযোগ করা হইয়াছে। গত ১৮ই মার্চ তাহাদের ঐ মিলে শ্রমিক হিসাবে কাজ করার জন্য নির্দেশ দেওয়া হয়। মোঃ শাহজাহান ও আফসার উদ্দিন নামক শিক্ষকদ্বয় গত প্রায় দুই বছর যাবৎ প্রাইমারী স্কুলে কর্মরত ছিলেন।